দৈনিক বাংলা

তারিখ 28 AUG 1993
পৃষ্ঠা ... কলাম ...

# মেধাবী ছাত্র-ছাত্রীদের আজ সংবর্ধনা

আজ সকাল সাড়ে দশটায় ঢাকায় ওসমানী স্মৃতি মিলনায়তনে দেশের ৪টি শিক্ষা বোর্ডের ১৯৯৩ সালের এসএসসি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার মেধা তালিকায় ১ম থেকে ২০তম স্থান অধিকারী কৃতী ছাত্র-ছাত্রীদের জন্য এক সংবর্ধনা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। খবর তথ্য বিবরণীর।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন। শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার এতে সভাপতিত্ব করবেন।